ফাতওয়া নাম্বার: ১৯২ প্রকাশকালঃ১৯-০৯-২০২১ ইং

কোনো প্রতিষ্ঠানের কথা বলে কি জিহাদের জন্য সাদাকা সংগ্রহ করা যাবে?

প্রশ্নঃ-১

আমরা জানি, বর্তমানে জিহাদের জন্য সাদাকা করার কথা ব্যাপকভাবে মানুষকে বলা সম্ভব না। অথচ বর্তমানে এ কাজে যাকাতের অর্থ ব্যয় করা অনেক বেশি প্রয়োজন। এমতাবস্থায় কারো থেকে এভাবে যাকাত নেয়া কি জায়েয হবে যে, উদাহরণত বলা হল, মাদ্রাসার জন্য যাকাত দিন। অর্থাৎ তাওরিয়া না করে (একটু ঘুরিয়ে না বলে) সরাসরি মিথ্যা বলে যাকাত নেয়া কি জায়েয হবে? বিশেষত অবস্থা যদি এমন হয় যে এখানে তাওরিয়া করা যাচ্ছে না, তখন কি করা হবে?

প্রশ্নকারী- হাম্মাদ

প্রশ্ন-২

নিরাপত্তার খাতিরে সুনির্দিষ্ট কোনো প্রতিষ্ঠানের কথা বলে জিহাদের জন্য সাদাকা সংগ্রহ করা কি জায়েয হবে?

প্রশ্নকারী- সালমান

উত্তর:

সুনির্দিষ্ট কোনো মাদ্রাসা বা দ্বীনি প্রতিষ্ঠানের কথা বলে উঠানো যাকাত-সাদাকা জিহাদের কাজে বা অন্য কোথাও দেয়া যাবে না এবং এখানে মিথ্যা যেমন বলা যাবে না; তাওরিয়াও করা যাবে না। যেখানকার কথা বলে উঠাবে, সেখানেই দিতে হবে। অন্যত্র দিতে হলে দাতার অনুমতি নিতে হবে।

হ্যাঁ, সুনির্দিষ্ট কোনো মাদ্রাসা বা প্রতিষ্ঠানের কথা না বলে; আমভাবে দ্বীনি কাজের কথা বলে বা অভাবী ও মজলুম মুসলিমদের সহায়তার কথা বলে অর্থ সংগ্রহ করলে, তা জিহাদের ফান্ডে দেয়া যাবে। এই খাতগুলো ওখানে থাকে।

জিহাদের কথা বলে টাকা উঠানো যায় না, এটি একটি বাস্তব সমস্যা। কিন্তু এই সমস্যার সমাধান এটি নয় যে, আমরা এক খাতের কথা বলে অর্থ সংগ্রহ করে তা অন্য খাতে দিব। এটি নাজায়েয। বরং এর সমাধান হল, আগে মানুষকে জিহাদ বুঝানো এবং একজন মুসলিম হিসেবে এক্ষেত্রে তার ফরিজা ও দায়িত্ব বুঝানো। দায়িত্ব বুঝলে সে নিজ থেকেই তা আদায় করার পথ খুঁজবে ইনশাআল্লাহ।

আরও বিস্তারিত জানার জন্য সাইটে প্রকাশিত ১৪৪ ও ১৬৪ নং ফতোয়া দু' টি দেখুন।

ফাতওয়া নং ১৪৪- দ্বীনের যে কোনো কাজে ব্যয় করার উদ্দেশ্যে প্রদত্ত সাদাকা কি জিহাদের কাজে ব্যয় করা যাবে?

https://fatwaa.org/২০২১/০১/১৮/২০৭৪/

ফাতওয়া নং ১৬৪- যে কোনো দ্বীনী কাজের কথা বলে কি জিহাদের জন্য সদকা সংগ্রহ করা যাবে?

https://fatwaa.org/২০২১/০৩/৩০/২২১০/

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

০২-০২-১৪৪৩ হি.

১০-০৯-২০২১ ইং